

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮০৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮০০]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (کتاب الأمور المنهى عنها)

পরিচ্ছেদঃ ৩৬৬ : রাত পর্যন্ত সারাদিন কথা বন্ধ রাখা নিষেধ

(366) بَابُ النَّهْيِ عَنْ صَمْتِ يَوْمٍ إِلَى اللَّيْلِ

আরবী

عَنْ عليّ رضي اللَّه عَنْهُ قالَ: حَفِظْتُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى االلهُ عَلَيْهِ وسَلَّم: » لا يُتْمَ بَعْدَ احْتِلام ،

وَلا صُمَاتَ يَوْمِ إِلَى اللَّيْلِ « رواه أبو داود بإسناد حسن .

قَالَ الخَطَّابِي فَي تَفْسِيرِ هَذَا الْحَدِيثِ : أَانَ مِنْ نُسُكِ الْجَاهِلِيَّة الْصَمَّاتُ ، فَنُهُوا في الإسْلامِ عَنْ ذلكَ ، وأُمِرُوا بالذَّارِ وَالْحَدِيثِ بالْخَيْرِ .

বাংলা

১/১৮০৯। আলী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এই বাণী মনে রেখেছি যে, "সাবালক হবার পর ইয়াতীম বলা যাবে না এবং কোন দিন সকাল থেকে রাত পর্যন্ত বাক্ (কথা) বন্ধ রাখা যাবে না।" [আবূ দাউদ, হাসান সূত্রে] [1]

ইমাম খাত্তাবী [রঃ] এ হাদিসের ব্যাখ্যায় বলেন, 'জাহেলিয়াতের যুগে বাক্ (কথা) বন্ধ রাখা এক প্রকার ইবাদত ছিল। সুতরাং ইসলাম তা করতে নিষেধ করেছে এবং তার পরিবর্তে আল্লাহর জিকির ও উত্তম কথাবার্তা বলার নির্দেশ দিয়েছে।'

English

(366) Chapter: Prohibition of observing silence from Dawn till Night

'Ali (May Allah be pleased with him) said:

I have retained in my memory the saying of the Messenger of Allah (ﷺ) that: "No one is considered an orphan after he has attained the age of maturity; and it is unlawful to remain silent from dawn till night."



[Abu Dawud with Hasan (good) Isnad].

ফুটনোট

[1] আবূ দাউদ ২৮৭৩, ইবনু মাজাহ ২৭১৮

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন